

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর
www.doict.chirirbandar.gov.bd

বিষয়ঃ উপজেলা আইসিটি কমিটির জুলাই/২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	জনাব মোঃ খালিদ হাসান উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর
সভার তারিখ	২৫ জুলাই ২০২৩ খ্রি.
সভার সময়	১১:৩০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চিরিরবন্দর, দিনাজপুর
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভাপতি উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তরকে সভা সঞ্চালনার দায়িত্ব প্রদান করেন।

০২। অতঃপর অধ্যকার সভার সদস্য সচিব জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়। সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ওয়েব পোর্টাল হালনাগাদ	অনেক দপ্তরের ওয়েবপোর্টাল সঠিকভাবে হালনাগাদ নেই। সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল সঠিকভাবে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	দপ্তর প্রধান(সকল) ইউপি চেয়ারম্যান(সকল)
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন ও মনিটরিং এর মাধ্যমে ল্যাবের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, প্রতিষ্ঠান প্রধান (ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান)
০৩	সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা ও জনসচেতনতা তৈরী	সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার ব্যবহারের ক্ষেত্রে জনগনকে সচেতন করা এবং বিভিন্ন গুজব রোধে প্রত্যেকের অবস্থান থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণে করণীয় বিষয়ে সভায় আলোচনা হয়।	সংশ্লিষ্ট সকল
০৪	স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরীতে শ্রেষ্ঠ, ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে 'স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩' প্রদানের নিমিত্ত আবেদন আহ্বানের জন্য আইসিটি অধিদপ্তর কর্তৃক বিজ্ঞপ্তি গত ২০ জুলাই ২০২৩ খ্রি. প্রকাশ করা হয়েছে। বিজ্ঞপ্তিটি উপজেলা প্রশাসনের ওয়েবপোর্টালে প্রকাশ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ই-মেইল প্রদান ও বেশি বেশি প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, সকল শিক্ষা প্রতিষ্ঠান

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ খালিদ হাসান
সভাপতি

ও
উপজেলা নির্বাহী অফিসার
চিরিরবন্দর, দিনাজপুর

স্মারক নং-৫৬.০৪.২৭৩০.০০০.০৬.০০১.২৩.১৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় সভাপতি/সদস্য , ডাক , টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ।
- ২। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৯, দিনাজপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর ।
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ।
- ৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম ।
- ৫। চেয়ারম্যান , উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর ।
- ৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর ।
- ৭। সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি , চিরিরবন্দর, দিনাজপুর ।



মোঃ মাইদুল ইসলাম
সদস্য সচিব

ও

সহকারী প্রোগ্রামার
চিরিরবন্দর, দিনাজপুর ।